

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rajshahicollegebd@gmail.com website: www.rc.edu.bd
online news portal: rcbartar.com Fax: 0721-771511



স্মারক নং-রাক/.....

তারিখ: ২০১৭/০২/১৮

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্তদের চূড়ান্ত ভর্তি সম্পর্কিত জরুরী বিজ্ঞপ্তি

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ০৮/০২/১৮ থেকে ১৭/০২/১৮ তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nu.edu.bd/admissions এ প্রবেশ করে চূড়ান্ত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণপূর্বক ০২(দুই) কপি A4 (৮.৫'x১১') সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট নেয়ার পর রাজশাহী কলেজে ভর্তির নিমিত্তে www.rc.edu.bd ওয়েবসাইটে Online Admission লিংকে প্রবেশ করে ভর্তির নির্দেশনা ও সময়সূচি মোতাবেক ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। কলেজে ভর্তির বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে ও কলেজ ওয়েবসাইটে অনলাইন ভর্তির নির্দেশিকা থেকে বিস্তারিত তথ্য জানা যাবে।

উল্লেখ্য, মেধাতালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী তার বিষয় পরিবর্তন করতে চাইলে অনলাইন আবেদন ফরম পূরণের সময়েই বিষয় পরিবর্তনের নির্দিষ্ট ঘরে টিক (✓) চিহ্ন অবশ্যই দিতে হবে।

১। ভর্তির সময়সূচি:

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত চূড়ান্ত ভর্তি ফরম (দুই কপি) প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৩/০২/১৮ থেকে ১৭/০২/১৮ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) তারিখ বেলা ০১:০০টার মধ্যে ফুলার ভবন সংস্কৃত বিভাগে কমিটির নিকট জমা দিতে হবে।

২। ভর্তি ফিস জমা:

ইতোপূর্বে ডিগ্রী পাস কোর্সে ভর্তির জন্য Online এর প্রাথমিক আবেদনপত্র দাখিলের সময় প্রাপ্ত রেফারেন্স ID ও Password ব্যবহার করে নিম্নবর্ণিত নিয়ম অনুসরণ করত: ডাচ বাংলা Online Mobile Bank (DBBL) এর মাধ্যমে ভর্তির নির্ধারিত ফি আগামী ১৩/০২/১৮ থেকে ১৭/০২/১৮ (সাপ্তাহিক ছুটির দিন ব্যতীত) তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে জমা দিতে হবে। কলেজ ওয়েবসাইট-এ নোটিশ কর্নার হতে ফি'র পরিমাণ জানা যাবে। উল্লেখ্য ব্যবহারিক প্রতিটি বিষয়ের জন্য ১০০/- টাকা হারে কলেজ জমা রশিদের মাধ্যমে রূপালী ব্যাংক লি. কে.এন. আই. রোড সোনাদীঘির মোড়) শাখায় জমা দিতে হবে।

*** রাজশাহী কলেজের ওয়েবসাইটে নির্ধারিত ফরমে এতদসঙ্গে সংযুক্ত বিষয়গুচ্ছ হতে সতর্কতার সাথে আবশ্যিক ও ঐচ্ছিক বিষয় বাছাই করে অনলাইন ফরম পূরণ করতে হবে। বিষয় নির্বাচন সংক্রান্ত ভুলের জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

DBBL মোবাইল ব্যাংকিং এর নিয়মাবলী:

ক) যে সকল মোবাইলে DBBL মোবাইল এ্যাকাউন্ট আছে সেই মোবাইল থেকে *322# ডায়াল করে মেনুতে যান।

খ) '1' (One) নং পেমেণ্ট সিলেক্ট করুন।

গ) রাজশাহী কলেজের Biller ID '304' টাইপ করুন।

ঘ) Bill No-এ আপনার রেফারেন্স ID টি দিন।

ঙ) টাকার পরিমাণ ৩৬৪৬/- লিখুন।

চ) চার সংখ্যার 'পিন' টাইপ করুন।

ছ) Ok অথবা Send বাটন ক্লিক করুন।

জ) প্রাপ্ত TrxID সংরক্ষণ করত: পরবর্তীতে ব্যবহার করে Admission Confirmation Slip Download করতে হবে।

DBBL Help Line- 16216 (তথ্য পাওয়ার প্রয়োজনে)

৩। অনলাইন প্রিন্ট কপির সঙ্গে যে সকল কাগজ সংযুক্ত করতে হবে তার বিবরণ এবং অন্যান্য নির্দেশনা

(ক) উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার মূলনম্বরপত্র কমিটির নিকট জমা দিতে হবে। অধ্যয়নকালীন সময়ে মূল নম্বরপত্রটি কলেজ অফিসে জমা থাকবে।

(খ) এস.এস.সি ও এইচ.এস.সি পরীক্ষা পাশের নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি-১টি করে।

(গ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি রশিদ ছবি।

(ঘ) ভর্তির আবেদন ফরমের Student কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীকে ফেরত দেয়া হবে।

(ঙ) DBBL মোবাইল এ্যাকাউন্টে টাকা জমা দিয়ে www.rc.edu.bd ওয়েবসাইটে online admission অপশনে প্রবেশ করে রেফারেন্স ID এবং নিজস্ব পাসওয়ার্ড ব্যবহার পূর্বক Confirmation Slip ডাউনলোড কপি প্রিন্ট করে তা আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় ফিসের টাকার পরিমাণ কলেজের ওয়েবসাইট, ক্যাশ শাখা ও নোটিশ বোর্ডে দেয়া হবে।

বিঃদ্র: এ মর্মে সতর্ক করা যাচ্ছে যে, ভর্তিচ্ছু কোন প্রার্থী ভর্তি সংক্রান্ত সঠিক তথ্য গোপন রেখে জাতীয় বিশ্ববিদ্যালয়ের বিধি লঙ্ঘন করে ভর্তি হলে এবং এতদবিষয়ে পরবর্তীতে কোন জটিলতা দেখা দিলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। সংশ্লিষ্ট প্রার্থীই এ বিষয়ে সম্পূর্ণরূপে দায়ী থাকবে।

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।

তারিখ:.....

স্মারক নং-রাক/.....

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

- ১। আহ্বায়ক, ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্স ভর্তি কমিটি ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ২। ম্যানেজার, ডাচবাংলা মোবাইল ব্যাংক, রাজশাহী/ম্যানেজার, ডাচবাংলা ব্যাংক লিমিটেড, অলকার মোড়, রাজশাহী।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী।
- ৪। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী।
- ৫। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী।